তারিখ ... 4 AUG 2017 ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ২ ...

সংবাদ

# ঢাবিতে ভর্তি পরীক্ষার আবেদন শুরু ৭ আগস্ট

**বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তিচ্ছুদের ভর্তির আবেদন প্রক্রিয়া শুরুর তারিখ ঘোষণা করা হয়েছে। অনলাইনের মাধ্যমে ভর্তির এই আবেদন শুরু হবে আগামী ৭ আগস্ট দুপুর ২টা থেকে। ২৯ আগস্ট রাত ১০টা পর্যন্ত আবেদন করতে পারবে ভর্তিচ্ছুরা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ও বিজ্ঞপ্তির মাধ্যমে পরবর্তীতে বিস্তারিত জানিয়ে দেয়া হবে।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনস্থ সভাকক্ষে অনুষ্ঠিত ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তি বিষয়ক সাধারণ ভর্তি কমিটির সভায়

ঢাবিতে : পৃষ্ঠা : ২ ক : ১

## ঢাবিতে : ভর্তি পরীক্ষা

(১৬ পৃষ্ঠার পর)

এই সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. হাসিবুর রশীদ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার, প্রক্টর এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সভার সিদ্ধান্ত অনুযায়ী গ ইউনিটের ভর্তি পরীক্ষা ১৫ সেপ্টেম্বর, চ ইউনিটের ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান) ১৬ সেপ্টেম্বর, খ ইউনিটের ভর্তি পরীক্ষা ২২ সেপ্টেম্বর, চ ইউনিটের ভর্তি পরীক্ষা (অঙ্কন) ২৩ সেপ্টেম্বর, ক ইউনিটের ভর্তি পরীক্ষা ১৩ অক্টোবর এবং ঘ ইউনিটের ভর্তি পরীক্ষা ২০ অক্টোবর অনুষ্ঠিত হবে।